

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

১২: 'আল্লাহ ছাড়া সত্য কোনো মা'বূদ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ্র রাসূল'- একথার সাক্ষ্য দেওয়ার অর্থ কি?

'আল্লাহ ছাড়া কোনো মা'বূদ নেই'-এর অর্থ হচ্ছে, مَعْبُوْدَ بِحَقٍّ إِلاَّ الله अर्था९: 'আল্লাহ ছাড়া কোনো হক্ক মা'বূদ নেই'। এরশাদ হচ্ছে,

"এ কথাটিকে তিনি (ইবরাহীম 'আলাইহিস সালাম) অক্ষয় বাণী রূপে তাঁর পরবর্তীদের মধ্যে রেখে গেছেন, যাতে তারা আল্লাহ্র দিকেই ফিরে যেতে পারে" (যুখরুখ ২৮)।

আর 'মুহাম্মাদ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহ্র রাসূল'-এর অর্থ হচ্ছে, মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ্র বান্দা ও রাসূল। তিনি আল্লাহ্র এমন একজন বান্দা, যার ইবাদত করা যাবে না এবং এমন একজন নবী, যাঁকে মিথ্যা প্রতিপন্ন করা যাবে না; বরং তাঁর নির্দেশিত বিষয়ে তাঁকে অনুসরণ করতে হবে, তাঁর থেকে বর্ণিত বিষয়সমূহকে সত্য প্রতিপন্ন করতে হবে এবং তাঁর নিষিদ্ধ বিষয়সমূহ থেকে বিরত থাকতে হবে। অনুরূপভাবে তাঁর নির্দেশিত পদ্ধতিতে আল্লাহ্র ইবাদত করতে হবে। সেজন্য তিনি সবধরনের বিদ'আতকে নিষিদ্ধ করেছেন। ফলে ইসলামে 'উত্তম বিদ'আত' বলতে কিছু নেই। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেন,

"তোমরা শরী'আতে নবাবিষ্কার থেকে বেঁচে থাকো। কেননা নবাবিষ্কৃত প্রত্যেকটা বস্তুই হচ্ছে বিদ'আত এবং প্রত্যেকটি বিদ'আতই হচ্ছে পথভ্রষ্টতা" (মুসনাদে আহমাদ)।

তিনি আরো বলেন,

"যে ব্যক্তি আমাদের নির্দেশের বাইরে কোনো আমল করলো, তার সেই আমল প্রত্যাখ্যাত" (মুসলিম)। আয়েশা (রাদিয়াল্লাহু 'আনহা) থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

"যে ব্যক্তি আমাদের এই শরী'আতে নতুন কিছু সৃষ্টি করল- যা তার অন্তর্ভুক্ত নয়, তবে তা প্রত্যাখ্যাত" (বুখারী ও মুসলিম)।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1497

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন